**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বর্তমান সময়ের সঙ্গে সামঞ্জস্য রেখে আধুনিক পদ্ধতিতে শিক্ষাদানের জন্য শিক্ষক-শিক্ষিকাদের পরামর্শ দেন।**

**(২) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ জানিয়েছেন, বিদ্যুৎ চুরি কোনওভাবেই বরদাস্ত করা হবে না।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন স্টার্টআপ ইন্ডিয়া কর্মসূচিটি কেবল একটি প্রকল্প নয় বরং একটি 'রেইনবো ভিশন' যা বিভিন্ন ক্ষেত্রকে নতুন সুযোগের সঙ্গে সংযুক্ত করে।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল হাওড়া ও গুয়াহাটির কামাখ্যার মধ্যে ভারতের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের উদ্বোধন করবেন।**

****************************************

**CM-Sankaracharya School :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বর্তমান সময়ের সঙ্গে সামঞ্জস্য রেখে আধুনিকভাবে পাঠদানের জন্য শিক্ষক-শিক্ষিকাদের পরামর্শ দেন। আজ আগরতলার শঙ্কারাচার্য্য বিদ্যায়তন দ্বাদশ শ্রেণি বালিকা বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন তিনি। তিনি বলেন, নতুন জাতীয় শিক্ষানীতি ২০২০ ভারতের প্রাচীন ঐতিহ্য, জ্ঞান চর্চার উত্তরাধিকার এবং আধুনিক বিজ্ঞানের সমন্বয়ে তৈরি করা হয়েছে। রাজ্যের শিক্ষা ব্যবস্থার উন্নয়নে গৃহীত নিপুণ ত্রিপুরা, বিদ্যাসেতু মডিউল, মিশন মুকুল, নিপুণ কর্ণার, মুখ্যমন্ত্রী মেধা পুরস্কার, সহর্ষ, লক্ষ্য ইত্যাদি বিভিন্ন কর্মসূচি সম্পর্কে তিনি আলোচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের

কর্পোরেটর সম্পা সরকার চৌধুরী, মধ্যশিক্ষা দপ্তরের অধিকর্তা এন, সি. শর্মা প্রমুখ।

*****************************

**TSECL :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ জানিয়েছেন, বিদ্যুৎ চুরি কোনওভাবেই বরদাস্ত করা হবে না। তিনি নাগরিকদের কোথাও বিদ্যুৎ চুরির ঘটনা চোখে পড়লে তা সঙ্গে সঙ্গে নিগমকে জানানোর অনুরোধ জানান। তিনি জানান, রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড রাজ্যের বিদ্যুৎ ব্যবস্থাকে আরও মজবুত, আধুনিক ও নিরবচ্ছিন্ন করতে বড়সড় সংস্কার কর্মসূচি হাতে নিয়েছে। তারই অঙ্গ হিসেবে আগরতলা শহরের গুরুত্বপূর্ণ তিনটি সাব স্টেশনে ট্রান্সফরমারের ক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি জানান, এই সংস্কার প্রক্রিয়া শুধু আগরতলাতেই সীমাবদ্ধ থাকবে না। ধাপে ধাপে অন্যান্য জেলা ও মহকুমা শহরগুলিতেও একই ধরনের উদ্যোগ নেওয়া হবে। পরবর্তী পর্যায়ে বিদ্যুৎ সাব ডিভিশন স্তরেও পরিকাঠামোগত সংস্কার করে পরিষেবাকে আরও নিরবচ্ছিন্ন করার পরিকল্পনা রয়েছে।

*****************************

**VB G RAM G–Tinku Roy :**

শ্রমমন্ত্রী টিঙ্কু রায় বলেছেন রাজ্যে ভিবি জি রাম জি আইনের আওতায় বর্তমানে ৬ লক্ষ ৫৬ হাজার ১৪০টি জব কার্ড রয়েছে। মোট শ্রমিক সংখ্যা ১০ লক্ষ ২০ হাজার। আজ আগরতলার সদর শহর বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানিয়ে তিনি বলেন পশ্চিম জেলায় মোট জব কার্ড হোল্ডার রয়েছেন ৮৮ হাজার ৬৩৫ জন। শ্রমিক রয়েছেন ১লক্ষ ২০হাজার। তিনি বলেন এই আইনের সংস্কারের ফলে উত্তর পূর্বাঞ্চল সহ পিছিয়ে থাকা রাজ্য গুলির ক্ষেত্রে রাজ্য সরকার দেবে ১০ শতাংশ ও কেন্দ্রীয় সরকার দেবে ৯০ শতাংশ। তিনি বলেন ভিবি জি রাম জি আইনের ফলে গ্রামীণ মানুষের আর্থ সামাজিক ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিবর্তন

ঘটবে। তিনি বলেন এই আইন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যে গ্রামীণ উন্নয়নের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সাংবাদিক সম্মেলনে বিজেপি সদর শহর জেলার সভাপতি অসীম ভট্টাচার্য, সাধারণ সম্পাদক তাপস মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন।

******************************

**Kishore Barman :**

পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন বলেছেন গ্রাম পঞ্চায়েত হলো গ্রামীণ জনগনের জীবনমান উন্নয়ন ও চাহিদা পূরণের সবচেয়ে বড় জায়গা। বর্তমান সরকারের সময়ে রাজ্যের সমস্ত পঞ্চায়েতকে ইন্টারনেট পরিষেবার সঙ্গে যুক্ত ও পঞ্চায়েত থেকে মন্ত্রিসভা পর্যন্ত ই-ফাইলিং-এর ব্যবস্থা করা হয়েছে। যা গোটা দেশের মধ্যে প্রথম। আজ সিপাহীজলা জেলার নলছড় ব্লকের বগাবাসা গ্রাম পঞ্চায়েতের নুতন ভবনের ভূমিপুজন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন তিনি। মন্ত্রী আরো বলেন আগামী দিনে রাজ্যের সমস্ত পঞ্চায়েতগুলিকে আধুনিক এ.আই প্রযুক্তির সঙ্গে যুক্ত করার পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে। সেই লক্ষ্যকে সামনে রেখেই পর্যায়ক্রমিক ভাবে রাজ্যের পুরনো সব পঞ্চায়েত ভবন গুলির পরিকাঠামো নুতনভাবে গড়ার কাজ শুরু হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান স্বপন কুমার দাস, ভাইস-চেয়ারম্যান রীনা দেবনাথ, বিডিও সুরঞ্জিত সরকার সহ গ্রামোন্নয়ন দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

*****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সরকারের উন্নয়নমূলক কাজ এবং জনকল্যাণমূলক প্রকল্পগুলি সাধারণ মানুষের কাছে তুলে ধরতে দলীয় কার্যকর্তাদের আরো বেশি সক্রিয় হতে হবে। আজ লংকামুড়া কমিউনিটি হলে বিজেপির বড়জলা মন্ডল আয়োজিত সাংগঠনিক বৈঠকে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী সংগঠনের শৃঙ্খলা, ঐক্য এবং জনসংযোগ আরও জোরদার করার উপর বিশেষ গুরুত্ব দেন। তিনি বলেন বিজেপি শুধুমাত্র একটি

রাজনৈতিক দল নয়, এটি একটি আদর্শভিত্তিক সংগঠন, যেখানে প্রতিটি কার্যকর্তার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি সকল কার্যকর্তাকে মানুষের সমস্যার প্রতি সংবেদনশীল থাকার আহ্বান জানান। বৈঠকে প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, প্রাক্তন বিধায়ক ডাঃ দিলিপ দাস সহ দলের বিভিন্ন স্তরের নেতৃত্ব ও কার্যকর্তারা উপস্থিত ছিলেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM, Startup :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে স্টার্টআপ ইন্ডিয়া কর্মসূচিটি কেবল একটি প্রকল্প নয় বরং একটি 'রেইনবো ভিশন' যা বিভিন্ন ক্ষেত্রকে নতুন সুযোগের সঙ্গে সংযুক্ত করে। জাতীয় স্টার্টআপ দিবসে স্টার্টআপ ইন্ডিয়ার এক দশক উপলক্ষে নতুনদিল্লিতে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন যে স্টার্টআপ ইন্ডিয়া মিশন মাত্র দশ বছরে একটি বিপ্লবে পরিণত হয়েছে, যা দেশজুড়ে একটি নতুন সংস্কৃতির জন্ম দিয়েছে। তিনি উল্লেখ করেন যে ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম স্টার্টআপ ইকোসিস্টেম। ভারতের

যুবসমাজ প্রকৃত সমস্যা সমাধানের দিকে মনোনিবেশ করায় প্রধানমন্ত্রী তরুণ উদ্ভাবকদের প্রশংসা করেন।

#####Byte-PM####

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে এক দশক আগে দেশে ৫০০-এরও কম স্টার্টআপ ছিল, যেখানে আজ এই সংখ্যা দুই লক্ষেরও বেশি। তিনি উল্লেখ করেন যে ২০১৪ সালে মাত্র চারটি ইউনিকর্নের জায়গায় এখন প্রায় ১২৫টি সক্রিয় ইউনিকর্ন রয়েছে।

প্রধানমন্ত্রী স্টার্টআপ ইকোসিস্টেমে নারীদের ভূমিকার প্রশংসা করে বলেন, ভারতের ৪৫ শতাংশেরও বেশি স্বীকৃত স্টার্টআপের কমপক্ষে একজন মহিলা পরিচালক বা অংশীদার রয়েছেন। তিনি আরও বলেন, নারী-নেতৃত্বাধীন স্টার্টআপ তহবিলের দিক থেকে ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম ইকোসিস্টেম হিসেবে গর্বিত এবং স্টার্টআপ ক্ষেত্রের মধ্যে এই ক্রমবর্ধমান অন্তর্ভুক্তি দেশের সম্ভাবনাকে বাড়িয়ে তুলছে।

এই উপলক্ষে, শ্রী মোদী অনুষ্ঠানে প্রদর্শনী এলাকাও পরিদর্শন করেন এবং প্রদর্শকদের সঙ্গে মতবিনিময় করেন। কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূষ গোয়েল তাঁর ভাষণে বলেন যে, গত দশকে প্রধানমন্ত্রীর নেতৃত্বে স্টার্টআপ ইকোসিস্টেমে একটি বড় পরিবর্তন আনা হয়েছে।

**************************

**PM in Assam and WB :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল পশ্চিমবঙ্গ ও আসাম সফর করবেন। দুদিনের সফরের প্রথম দিনে, আগামীকাল তিনি মালদা শহর রেলওয়ে স্টেশনে, হাওড়া ও গুয়াহাটির কামাখ্যার মধ্যে ভারতের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের ভার্চুয়ালভাবে উদ্বোধন করবেন। আধুনিক ভারতের ক্রমবর্ধমান পরিবহন চাহিদা মেটাতে তৈরি, সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত বন্দে ভারত স্লিপার ট্রেনটি যাত্রীদের সাশ্রয়ী মূল্যে বিমান সংস্থার মতো ভ্রমণের অভিজ্ঞতা প্রদান করবে। এটি দীর্ঘ দূরত্বের ভ্রমণকে দ্রুত, নিরাপদ এবং আরও সুবিধাজনক করে তুলবে। তিনি পশ্চিমবঙ্গের মালদায় এক অনুষ্ঠানে

তিন হাজার দুইশ পঞ্চাশ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক রেল ও সড়ক পরিকাঠামো প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রী মালদহে ৪টি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের ভার্চুয়াল ভাবে উদ্বোধন করবেন। সন্ধ্যায় তিনি আসামের গুয়াহাটিতে বোড়ো সম্প্রদায়ের সমৃদ্ধ ঐতিহবাহী সাংস্কৃতিক অনুষ্ঠান বাগুরুম্বা ধু ২০২৬এ অংশগ্রহণ করবেন। এই উপলক্ষে, বোড়ো সম্প্রদায়ের ১০ হাজারেরও বেশি শিল্পী একক, সমন্বিত উপস্থাপনায় বাগুরুম্বা নৃত্য পরিবেশন করবেন। সফরের দ্বিতীয় দিনে, শ্রী মোদী আসামের কালিয়াবরে ৬ হাজার ৯৫০ কোটি টাকারও বেশি মূল্যের কাজিরাঙ্গা এলিভেটেড করিডোর প্রকল্পের ভূমি পূজা করবেন। এছাড়াও তিনি গুয়াহাটি ও রোহতক এবং ডিব্রুগড় ও লখনউয়ের মধ্যে দুটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন।

ঐদিনই প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের হুগলির সিঙ্গুর সফর করবেন এবং ৮৩০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

********************************

**NIT Convocation :**

NIT আগরতলার অষ্টাদশ সমাবর্তন অনুষ্ঠান আগামীকাল এন.আই.টি আগরতলার স্বামী বিবেকানন্দ সেমিনার হলে অনুষ্ঠিত হবে। সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু। আজ আগরতলা প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলনে এন.আই.টি আগরতলার অধিকর্তা ডঃ শরত কুমার পাত্র এই সংবাদ জানিয়েছেন। তিনি জানান, সমাবর্তন অনুষ্ঠানে Ph.D./M Tech./ MCA /MBA, /M. Sc./ B.Tech/ B.T./ BSMS এবং BTMT সহ ৯৯১ জন ছাত্র ছাত্রীকে সাম্মানিক ডিগ্রি প্রদান করা হবে। তিনি জানান, ২০২৪-২৫ শিক্ষা বর্ষে এনআইটি আগরতলার B.Tech ছাত্র ছাত্রীর প্রায় ৮১ শতাংশ ছাত্র ছাত্রী, বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থানের সুযোগ পেয়েছেন।

***************************

**Dry Fish Processing :**

ভারত সরকারের "ভারতীয় কৃষি গবেষণা পরিষদ" বা I.C.A .R এর "নর্থ-ইষ্ট হিলস প্রকল্প" এ গোটা রাজ্যে প্রথম পর্যায়ে মোট কুড়িটি সিঁদল প্রক্রিয়াকরণ ইউনিট স্থাপন করা হচ্ছে। এরমধ্যে ঊনকোটি জেলাতে হবে চারটি ইউনিট। আজ ঊনকোটি জেলার সুবিধাভোগীদের মধ্যে সিঁদল প্রক্রিয়াকরণের জন্য সাজ-সরঞ্জাম বিতরণ শুরু হয়েছে। ঊনকোটি জেলার মৎস্য দপ্তরের মিলনায়তনে এই কর্মসূচির উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। অনুষ্ঠানে বক্তব্য রাখেন গুজরাটের সেন্ট্রাল ইনস্টিটিউট অব ফিসারিজ টেকনোলজির মৎস্য বিজ্ঞানী দেবানন্দ উচুই, মৎস্য দপ্তরের উপ-অধিকর্তা তারেন্দ্র দেববর্মা প্রমুখ।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************